3759

2 3037

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু.

भारत

Rs 500

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

[illegible] 14 of the B.L.R. Act [illegible] Tenancy Act only Stamps [illegible] does not require Stamp duty [illegible] India Stamp Act 1899 [illegible] W. B. Stamp Amendment Act XVII of 1964. 45 Schedule 1A No.

FEES PAID

A 239.50
N 3.00
242.50

Sub-Registrar of Alipore at Alipore
Dist. 24-Parganas

2.8.78

A.S. 2500

A 239.50
3.00
242.50

## আপোষ বন্টন নামা বা পার্টিশান দলিল।

**প্রথম পক্ষ ঃ-**

শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় কাব্যতীর্থ, পিতা স্বর্গীয় দিগম্বর মুখোপাধ্যায়, জাতি হিন্দু ব্রাহ্মণ পেশা শিক্ষকতা, সাকিম ১২৯।১ নম্বর সুইন হো লেন, থানা কসবা, সহর কলিকাতা - ৭০০০৪২।

———— ০ ————

**দ্বিতীয় পক্ষ ঃ-**

শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়, পিতা স্বর্গীয় দিগম্বর মুখোপাধ্যায় জাতি হিন্দু ব্রাহ্মণ, পেশা চাকুরী সাকিম ১২৯।১ সুইন হো লেন থানা কসবা, কলিকাতা - ৭০০০৪২।

———— ০ ————

কস্য আপোষ বন্টন নামা বা পার্টিশান দলিল পত্র

[illegible] তস্য জাত। পত্র বন্টন -

Scanned with OKEN Scanner

Mr. Pulin Behari Mukherjee
129/1 Swinhoe Lane
of 29-7-78
For Rs.
Date 29/7/78 Stamp Clerk
24-Parganas Treasury; Alipore

500
100
600

Presented for Registration at 11-15 A. M. or P. M. on the 2nd day of August 1978 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Pulin Behari Mukherjee Executant or Claimant or attorney

Registrar of Alipore at Alipore
Dist. 24-Parganas
2-8-78

শ্রীপুলিন বিহারী মুখোপাধ্যায়

4150

শ্রীসতীশ চন্দ্র মুখোপাধ্যায়

4151

শ্রী অমর নাথ বিশ্বাস

শ্রীপুলিন বিহারী মুখোপাধ্যায়

1) Pulin Behari Mukherjee
2) Satish Chandra Mukherjee
both Son/Wife of Late Digambar Mukherjee
of 129/1 Swinhoe Lane
Thana Kasba
District Calcutta-700042
by Caste Hindu by Profession 1) Teacher 2) Service

Amar Nath Biswas
Son/Wife of Late Jugal Kishore Biswas of 129/1 Swinhoe Lane
Thana Kasba
District 24 Pgs
by Caste Hindu by Profession Business

Registrar of Alipore at Alipore
Dist. 24-Parganas
2-8-78

Scanned with OKEN Scanner

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES



পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল কসবা, সাবরেজিষ্ট্রী আলিপুর, পরগণে কলিকাতা, ৩৪০-৩৪২ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নম্বর ২৩৩, জে, এল, নং ১৩ মৌজা কসবা গ্রামের ১৩১৬।৩ নম্বর খতিয়ানের ১৬/৩৬০ নং দাগের যাবতীয় জমি থানা সাবেক সদর টালিগঞ্জ পি, জি, রোড স্থিত "প্রিয়নিবাস" নিবাসিনী শ্রীমতী কনকলতা দাসী, স্বামী মৃত হেরম্ব গোপাল নস্কর মহাশয়ার স্বত্ব দখলি সম্পত্তি থাকে। পরে তিনি গত সন ১৯৫১ সালের ২৯ শে জানুয়ারী তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত দান পত্র মূলে উক্ত দাগের ০৭ সাত শতক জমি আমাদের অত্র বন্টন নামা দলিলের পক্ষদ্বয় উভয় ভ্রাতাকে সদ ব্রাহ্মণ হিসাবে দান করতঃ নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন, এবং তদবধি আমরা উভয় ভ্রাতা অত্র বন্টন

Scanned with OKEN Scanner

বন্টন নামা দলিলের পক্ষদ্বয় এজমালে উক্ত দানকৃত ০৭ সাত শতক জমি ভোগ দখল করিয়া আসিতেছি। উক্ত দান পত্র আলিপুর সদর জয়েন্ট সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির ১১ নং ভল্যুমের ২৬৩ পৃষ্ঠা হইতে ২৬৫ নং পৃষ্ঠায় ১৯৫১ সালের ৫১৪ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ হয়। অতঃপর আমরা উভয় ভ্রাতা অত্র দলিলের পক্ষদ্বয় গত সন ১৯৬২ সালের ২৯ শে জুন তারিখে একখেতা রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল কসবা সামিল গভর্ণমেন্ট খাস মহাল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত " ৫ " ডিভিসন " এল " সাবডিভিসন, ১১৩ নং হোল্ডিং ভুক্ত $\frac{১২৯৮}{২৮৩৩}$ নং তৌজি ভুক্ত মৌজা কসবা গ্রামে কলিকাতা কর্পোরেশনের ১২৯।১ নম্বর সুইন হো লেনের কমবেশ /৪৸৵৩০ চারি কাঠা পনের ছটাক ত্রিশ স্কোয়ার ফুট জমি উহার মালিক ৪৬ নম্বর কসবা রোড নিবাসী শ্রী ভূত নাথ রায় মহাশয়ের নিকট হইতে উপযুক্ত মূল্যে খরিদ করি, এবং রেখাল আনা মতে উক্ত জমিতে দখল লইয়া কলিকাতা কর্পোরেশনকে ট্যাক্সাদি আদায়ে ভোগদখল করি, এবং আমরা উভয়ের যৌথ অর্থ নিয়োজিত করিয়া উক্ত জমির উপর একটি দ্বিতল ইমারত নির্মাণ করিয়া তাহায় এজমালে ভোগবান ও দখলকার আছি। উক্ত কোবালা আলিপুর সাবরেজিষ্ট্রারী অফিসের ৯৪ নং ভল্যুমের ১১০ হইতে ১১৬ নং পৃষ্ঠায় ১৯৬২ সালের ৫৬০৯ নং দলিল উল্লেখে লিখিত হইয়াছে। আমাদের উক্ত খরিদা জমির সংলগ্ন উত্তরে উক্ত ভূত নাথ রায় মহাশয়ের /৪ চারি কাঠা পরিমিত অপর একটি প্লট আছে, যাহা কলিকাতা কর্পোরেশনের ১২৯/৭ নং সুইন হো লেনের অন্তর্গত হইতেছে। উক্ত জমি আমাদের

Scanned with OKEN Scanner

জমি আমাদের ব্যবহারের সুবিধার্থে ক্রয় করিবার ইচ্ছা প্রকাশ করিলে উক্ত ভূত নাথ রায় মহাশয় উক্ত ৴৪ চারি কাঠা জমি এবং উক্ত জমির সংলগ্ন ১০´ দশ ফুট প্রশস্ত কমন প্যাসেজের যাবতীয় বর্ত্ত স্বত্ব আমাদের পক্ষদ্বয়কে বিক্রয় করিতে সম্মত হন, এবং এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে গত ইং ২৯শে আগষ্ট ১৯৬২ সালের উক্ত জমি আমাদের বিক্রয় করিয়া দেন, এবং আমরা উক্ত জমি আমাদের উভয়ের অর্থে ক্রয় করতঃ এজমালে ভোগদখল করিয়া আসিতেছি। এবং উক্ত জমির পশ্চিমে একটি ৬´ ছয় ফুট প্রশস্ত প্যাসেজ উভয় পক্ষের ব্যবহারের জন্য রাখিয়াছি। উক্ত জমি আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির ১২৭ নং ভল্যুমের ১২১ নং পৃষ্ঠায় ১৯৬২ সালের ৭৫২৭ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ হয়। এই প্রকারে আমরা পক্ষদ্বয় উপরি লিখিত তিন দফার জমি স্বীয় অর্থে অর্জ্জন করতঃ এবং ২য় দফার সম্পত্তিতে নির্ম্মিত বাটীতে বসবাস করতঃ ও অন্য দুই দফার জমির ট্যাক্সাদি আদায়ে এজমালে খাসে ভোগ দখলকার আছি।

এক্ষণে নানা কারণে উক্ত তিন দফার সম্পত্তি এজমালে ভোগদখল করার নানা অসুবিধা দেখা দেওয়ায় এবং ভবিষ্যতে পক্ষদ্বয়ের ওয়ারিশান উত্তরাধিকারী গণের আপোষ ভোগদখলে বিবাদ বিসম্বাদের সম্ভাবনা দেখা দেওয়ায় আমরা উভয় পক্ষ উক্ত সম্পত্তি আপোষে বিভাগ বন্টন ও সীমানা চিহ্নিত করিয়া লইবার মনস্থ করি। তদনুসারে আমরা একজন অভিজ্ঞ ইঞ্জিনিয়ার মহাশয়কে উক্ত সম্পত্তি ক্রম আমাদের উভয় পক্ষের মধ্যে সীমানা চিহ্নিত ও বিভাগ বন্টন করিয়া

Scanned with OKEN Scanner

শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায়
শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়

॥ ৫ ॥

করিয়া দিবার জন্য নিয়োজিত করি। উক্ত ইঞ্জিনিয়ার মহাশয় উক্ত সম্পত্তি ত্রয় যথাযথ মাপ সুরতে বিভাগ বন্টন করিয়া প্ল্যান প্রস্তুত করিয়া দিয়াছেন, এবং তাঁহার মতামত আমরা উভয় পক্ষ যথাযথ মনে করিয়া এবং তাঁহার নির্দেশ মত উক্ত সম্পত্তি সমূহের সমগ্র মূল্য ৫০,০০০'০০ পঞ্চাশ হাজার টাকা সাব্যস্তে নিম্ন লিখিত মতে আপোষ বিভাগ বন্টন ও সীমানা চিহ্নিত করিয়া লইয়াছি। পক্ষগণের অংশ সমান সমান হওয়ায় ৫০,০০০'০০ পঞ্চাশ হাজার টাকার অর্দ্ধেকের উপর ষ্ট্যাম্প দেওয়া হইল।

১। জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ হাল কসবার এলাকাধিন সাবরেজিষ্ট্রী আলিপুর, পরগণে কলিকাতা মৌজা কসবা গ্রামে ১৩১৬।৩ খতিয়ান ভুক্ত $\frac{১৬}{৩৬০}$ নং দাগের কলিকাতা কর্পোরেশনের ২১০ নং পিকনিক গার্ডেন রোডস্থিত কমবেশ ৴৪।১৮´ স্কোয়ার ফিট বা '০৭ শতক জমির মধ্যে অত্র পার্টিশান দলিলের "ক" তপশীল ১ দফায় বর্ণিত ও অত্র সংলগ্ন ১ নং প্ল্যানে লট "এ" বলিয়া বর্ণিত ও লাল রংয়ে সীমাকৃত কমবেশ ৴২।৪ দুই কাঠা চারি ছটাক চারি স্কোয়ার ফিট জমি ও উক্ত জমি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় মহাশয়ের অংশে নির্দিষ্ট ও সীমানা চিহ্নিত হইল। তিনি উক্ত জমি নিজ খাস দখলে লইয়া কলিকাতা কর্পোরেশনে নিজ নাম পত্তন করতঃ আমরা শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায় এর দ্বিতীয় পক্ষের নিরাংশে ও বিরুদ্ধ স্বত্বে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা বংশানুক্রমে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকুন, তাহাতে

পুলিন মুখার্জী
সতীশ মুখার্জী

তাহাতে আমি দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায় আমার বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কেহ কখনও কোন রূপ ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না, করিলেও তাহা সম্পূর্ণ ভাবে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর ও আদালত অগ্রাহ্য হইবে। অনুরূপ ভাবে উক্ত /৪।।৮ চারি কাঠা আট ছটাক আট স্কোয়ার ফিট জমির মধ্যে অত্র পার্টিশান দলিলের "ক" তপশীল২য় দফায় বর্ণিত ও অত্র সংলগ্ন ১নং প্লানের লট " বি " বলিয়া বর্ণিত ও গ্রীন রংয়ে সীমাকৃত কমবেশ /২।৪ দুই কাঠা চারি ছটাক চারি স্কোয়ার ফুট জমি ও উক্ত জমি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের অংশে নির্দ্দিষ্ট ও সীমানা চিহ্নিত হইল। তিনি উক্ত জমি নিজ খাস দখলে লইয়া কলিকাতা কর্পোরেশনে নিজ অংশের জন্য নিজ নাম পত্তন করতঃ আমার প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় এর নিরাংশে ও বিরুদ্ধ স্বত্বে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা বংশানুক্রমে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় বা আমার পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণের কেহ কখনও কোনরূপ ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না, বা করিলেও তাহা সম্পূর্ণ ভাবে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর ও সর্ব্ব আদালত অগ্রাহ্য হইবে।

২। জেলা ২৪ পরগণা, থানা যাদবপুর, হাল কসবা গভর্ণমেন্ট খাস মহল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত "৫বি" ডিভিসন " এল " সাবডিভিসন ১১৩ নং

Scanned with OKEN Scanner

নং হোল্ডিং যুক্ত ১২৯৮/২৮৩৩ নং তৌজি ভুক্ত মৌজা কসবা গ্রামে কলিকাতা কর্পোরে
শনের ১২৯।১ নং সুইন হো লেনস্থিত /৪৸৶৩০´ চারি কাঠা পনের ছটাক ত্রিশ
স্কোয়ার ফুট জমির উপরিস্থিত দ্বিতল বাটীর অংশ যাহা অত্র পার্টিশান দলিলের
"খ" তপশীলের ১ম দফায় বর্ণিত হইয়াছে, এবং যাহা অত্র সংলগ্ন ২ নং প্ল্যানে
লাল রংয়ে সীমাকৃত ও লট "এ" বলিয়া চিহ্নিত হইয়াছে। উক্ত দ্বিতল বাটীর
অংশের অন্তর্গত তলস্থ /২।৶০ দুই কাঠা ছয় ছটাক জমি ও উক্ত জমির উপরিস্থিত
দ্বিতল ও একতলায় ৪ চারি কামরা শয়ন ঘর, বারান্দা, রান্নাঘর, উঠান, পায়খানা
বাথরুম ইত্যাদি অত্র পার্টিশান দলিলের প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায়
এর অংশে নির্দিষ্ট ও চিহ্নিত হইল। তিনি উক্ত সম্পত্তি নিজ খাস দখলে লইয়া
কলিকাতা কর্পোরেশনে নিজ অংশের জন্য নিজ নাম পত্তন করতঃ আমার দ্বিতীয়
পক্ষের নিরাংশে ও বিরুদ্ধ স্বত্বে ষোল আনা মতে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভি
ষিক্ত গণ ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি দ্বারা সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে
বংশানুক্রমে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি শ্রী সতীশ
চন্দ্র মুখোপাধ্যায় দ্বিতীয় পক্ষের বা আমার পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত
গণ কেহ কখনও কোনরূপ ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা
পারিবে না, বা করিলে তাহা সম্পূর্ণ ভাবে ষোল আনা মতে সর্ব্বত্র সর্ব্ব আদালতে
বাতিল ও নামঞ্জুর ও আদালত অগ্রাহ্য হইবে। অনুরূপ ভাবে উক্ত কলিকাতা
কর্পোরেশনের ১২৯।১ নং সুইন হো লেনস্থিত /৪৸৶৩০´ চারি কাঠা পনের ছটাক
ত্রিশ স্কোয়ার ফুট জমির উপরিস্থিত উক্ত দ্বিতল বাটীর অপর অংশ যাহা অত্র

Scanned with OKEN Scanner

শ্রীপুলিন বিহারী মুখোপাধ্যায়
শ্রীসতীশ চন্দ্র মুখোপাধ্যায়

অত্র পার্টিশান দলিলের " খ " তপশীলের ২য় দফায় বর্ণিত হইয়াছে, এবং যাহা অত্র সংলগ্ন ২ নং প্ল্যানে গ্রীন রং সীমাকৃত ও লট " বি " বলিয়া চিহ্নিত হইয়াছে। উক্ত দ্বিতল বাটীর অংশের অন্তর্গত অনূ্ /২।৵০ দুই কাঠা ছয় ছটাক জমি ও উক্ত জমির উপরিস্থিত দ্বিতলে ও একতলায় ৪ চারি কামরা শয়ন ঘর, বারান্দা, রান্নাঘর উঠান, পায়খানা ,বাথরুম ইত্যাদি অত্র পার্টিশান দলিলের দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের অংশে নির্দিষ্ট ও চিহ্নিত হইল। তিনি উক্ত সম্পত্তি নিজ খাস দখলে লইয়া কলিকাতা কর্পোরেশনে নিজ অংশের জন্য নিজ নাম পত্তন করতঃ আমার প্রথম পক্ষের নিরাংশে ও বিরুদ্ধ সত্ত্বে ষোল আনা মতে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে বংশানুক্রমে যদৃচ্ছা ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় বা আমার পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোনরূপ ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না, বা করিলে তাহা সম্পূর্ণ ভাবে ষোল আনা মতে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর ও আদালত অগ্রাহ্য হইবে।

পুলিন মুখার্জী
সতীশ মুখার্জী

৩। অত্র পার্টিশন দলিলের "খ" তপশীলের ১ম ও ২য় দফায় বর্ণিত দ্বিতল বাটীর দুই অংশ যাহা পার্টিশন দলিলে ১ম পক্ষের অংশ লাল রংয়ে সীমাকৃত ও লট "এ" বলিয়া চিহ্নিত হইয়াছে, এবং ২য় পক্ষের অংশ গ্রীন রংয়ে সীমাকৃত ও লট "বি" বলিয়া চিহ্নিত হইয়াছে। উক্ত উভয় অংশের মধ্যে দ্বিতলে যাইবার জন্য একটি সিঁড়ি আছে যাহা উক্ত প্ল্যানে কাল রংয়ে চিহ্নিত হইয়াছে। উক্ত

Scanned with OKEN Scanner

উক্ত সিঁড়ি পক্ষদ্বয় এবং তাঁহাদের পরিবার বর্গ গণ এতাবৎ কাল যৌথ ভাবে উপরে উঠিবার জন্য ব্যবহার করিয়া আসিতেছেন। উক্ত সম্পত্তি পার্টিশান হওয়ার পরও উক্ত সিঁড়ি যৌথ থাকিবে, এবং পক্ষদ্বয় এবং তাহাদের পরিবার বর্গ গণ এজমালে উক্ত সিঁড়ি পূর্ব্বের ন্যায় ব্যবহার করিবেন, এবং উভয় পক্ষ যৌথ খরচে উক্ত সিঁড়ি মেরামত দ্বারা ব্যবহার্য্য করিয়া রাখিবেন। ভবিষ্যতে কোন কারণে যদি উক্ত সিঁড়ি এজমালে ব্যবহার করার অসুবিধা দেখা দেয় তবে উভয় পক্ষ উক্ত সিঁড়ি ভাঙ্গিয়া ফেলিবেন, এবং নিজ নিজ নির্দ্দিষ্ট ও চিহ্নিত অংশের মধ্যে নিজ নিজ খরচে সিঁড়ি প্রস্তুত করিয়া লইবেন। উক্ত যৌথ সিঁড়ি ভাঙ্গিয়া ফেলার পর সিঁড়ির জন্য জমি যাহা উন্মুক্ত হইবে উহা পক্ষদ্বয় সমানুপাল ভাবে দুই সমান অংশে বিভক্ত করিয়া নিজ নিজ অংশের অন্তর্গত করিয়া ভোগদখল করিবেন। উক্ত সিঁড়ির সংযুক্ত উত্তরে যে জায়গাটি কাল দাগে চিহ্নিত করা আছে উহা উভয় পক্ষের কমন এনট্রেন্স হিসাবে ব্যবহৃত হইবে। পক্ষদ্বয় ইচ্ছা করিলে বাটীর নিরাপত্তার জন্য কোলাপসেবল গেট লাগাইতে পারিবেন, তবে কেহ উক্ত জমি অন্য কোন ভাবে অপর পক্ষের অসুবিধা সৃষ্টি করিয়া ব্যবহার করিতে পারিবে না।

৪। উক্ত সমগ্র দ্বিতল বাটীর ইলেকট্রিক লাইন যে রূপ আছে সেইরূপই পক্ষ গণের নির্দ্দিষ্ট ও চিহ্নিত অংশে বর্ত্তাইবে। ইলেকট্রিক মিটার এক্ষণে ১ম পক্ষের অংশে থাকায় উহা উভয় পক্ষ যৌথ ভাবে অদ্য হইতে এক বৎসর ভোগ করিবেন, এবং ঐ সময় মধ্যে ২য় পক্ষ তাঁহার অংশের জন্য কলিকাতা কর্পোরেশান হইতে প্রথম পক্ষের সম্মতিতে দরখাস্ত করিয়া নিজ অংশের জন্য ~~নূতন~~ মিটার আনয়ন

আনয়ন করিবেন, এবং মিটার আলাদা হইলে পক্ষদ্বয় উক্ত সিঁড়ির তলার নিজ নিজ অংশে মিটার বক্স নির্ম্মাণ করতঃ তথায় মিটার স্থাপন করিবেন। ইলেকট্রিক মিটার যাহা এক্ষণে পক্ষদ্বয় নিজ নিজ অংশ ব্যবহার করিতেছেন উহা পার্টিশানের পর সিঁড়ির তলস্থ জমিতে নিজ নিজ অংশে স্থানান্তরিত করিবেন।

৫। বাটীর মেন ড্রেণ ও পীট এখন যেখানে আছে উহা পার্টিশনের পর দ্বিতীয় পক্ষের অংশে নির্দ্দিষ্ট হওয়ায় প্রথম পক্ষকে অদ্য হইতে ১ এক বৎসর সময় মধ্যে নিজ অংশে একটি পৃথক ড্রেণ ও পীট নিজ খরচে প্রস্তুত করাইয়া লইয়া দ্বিতীয় পক্ষের পৃথক করিয়া দিবেন। উক্ত সময় পর্যন্ত উভয় পক্ষ এখনকার মত উক্ত মেন ড্রেণ ও পীট যৌথ ভাবে ব্যবহার করিবেন।

৬। উপরোক্ত ২য় দফায় উল্লিখিত ১২৯।১ নং সুইন হো লেনস্থিত একবন্দে /৪৲৩০´ চারি কাঠা পনের ছটাক ত্রিশ স্কোয়ার ফিট জমি ও উক্ত জমির উপরিস্থিত দ্বিতল বাটীর সংলগ্ন উত্তরে ১২৯।এ নং সুইন হো লেন প্রেমিসেস ভুক্ত কমবেশ /৪ চারি কাঠা জমি পক্ষদ্বয় শ্রী ভূতনাথ রায় মহাশয়ের নিকট হইতে ১৯৬২ সালের ২৯ শে আগষ্ট তারিখে রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়াছেন। উক্ত জমির মধ্যে কমবেশ /১৲/৩৪´ এক কাঠা তের ছটাক চৌত্রিশ স্কোয়ার ফিট জমি যাহা অত্র পার্টিশান দলিলের " গ " তপশীলের ১ম দফায় বর্ণিত হইয়াছে, এবং যাহা অত্র সংলগ্ন ২নং প্লানে লাল রংয়ে সীমাকৃত এবং লট "এ।১" বলিয়া চিহ্নিত হইয়াছে, উক্ত জমি অত্র পার্টিশন দলিলের প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় মহাশয়ের অংশে নির্দ্দিষ্ট ও সীমানা চিহ্নিত হইল। তিনি উক্ত জমি নিজ খাস দখলে

Scanned with OKEN Scanner

দখলে লইয়া কলিকাতা কর্পোরেশনে নিজ অংশের জন্য নিজ নাম পত্তন করতঃ আমার দ্বিতীয় পক্ষের নিরাংশে ও বিরুদ্ধ সূত্রে বোধ আনা মতে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে নির্ব্যূঢ় সূত্রে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে বংশানুক্রমে যদৃচ্ছামত দখল করিতে থাকুন, তাহাতে আমি শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায় দ্বিতীয় পক্ষ বা আমার পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণকেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না, বা করিলে তাহা সম্পূর্ণ ভাবে বোল আনা মতে সর্ব্বত্র সর্ব্বআদালতে বাতিল ও নামঞ্জুর ও আদালত অগ্রাহ্য হইবে। তদ্রূপ ভাবে উক্ত কলিকাতা কর্পোরেশনের ১২৯।এ সুইন হো লেনস্থিত উক্ত মোট জমি ৴৪ চারি কাঠার মধ্য হইতে প্রথম পক্ষের অংশে নির্দিষ্ট জমি বাদে বক্রি ৴১৮৩৪ এক কাঠা বার ছটাক চৌত্রিশ স্কোয়ার ফুট জমি যাহা অত্র পার্টিশন দলিলের "গ" তপশীলের ২য় দফায় বর্ণিত হইয়াছে, এবং যাহা অত্র সংলগ্ন ২ নং প্লানে গ্রীন রংয়ে সীমাকৃত এবং লট "বি।১" বলিয়া চিহ্নিত হইয়াছে। উক্ত জমি অত্র পার্টিশন দলিলের দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের অংশে নির্দিষ্ট ও সীমানা চিহ্নিত হইল। তিনি উক্ত জমি নিজ খাস দখলে লইয়া কলিকাতা কর্পোরেশনে নিজ অংশের জন্য নিজ নাম পত্তন করতঃ আমি প্রথম পক্ষের নিরাংশে ও বিরুদ্ধ সূত্রে বোল আনা মতে পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে নির্ব্যূঢ় সূত্রে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে বংশানুক্রমে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায় প্রথম পক্ষ বা আমার পুত্র পৌত্র ওয়ারিশান ও

Scanned with OKEN Scanner

ও স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ,বা পারিবে না, বা করিলেও তাহা সম্পূর্ণ ভাবে বেআইনী মতে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর ও আদালত অগ্রাহ্য হইবে । প্রকাশ থাকে যে, উক্ত ২ নং প্লানের " এ।১ " ও " বি।১ " জমির পশ্চিমে যে ৬´ ছয় ফুট প্রশস্ত কমন প্যাসেজ দেখান আছে উহা পক্ষদ্বয়ের নিজস্ব কমন প্যাসেজ হিসাবে ব্যবহৃত হইবে ।

৭। অত্র পার্টিশন দলিল বর্ণিত যাবতীয় এজমালি সম্পত্তি পক্ষদ্বয়ের মধ্যে প্রায় তুল্যাংশে বিভাগ বন্টন হওয়ায় কোন পক্ষ অপর পক্ষের নিকট হই হইতে ওয়েলটি মানি বা কোন টাকা দাবী করিতে পারিবেন না ।

৮। অত্র মূল পার্টিশান দলিল প্রথম পক্ষের হেফাজাতে থাকিবে । দ্বিতীয় পক্ষ রেজিষ্ট্রী অফিস হইতে উক্ত মূল দলিলের কপি লইবেন, এবং তাঁহার প্রয়োজনে প্রথম পক্ষ উক্ত মূল দলিল দ্বিতীয় পক্ষকে দর্শাইতে বা তাঁহার অনুরোধ মত আদালতে দাখিল করিতে বা ইনুস্পেকশান দিতে বাধ্য থাকিবেন ।
প্রথম পক্ষের সম্পত্তির মূল্য ২৫,০০০`০০ পঁচিশ হাজার টাকা ও দ্বিতীয় পক্ষের সম্পত্তির মূল্য ২৫,০০০`০০ পঁচিশ হাজার টাকা ।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র পার্টিশান দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং ভালরূপ বুঝিয়া শুনিয়া আমরা উভয় পক্ষ জ্ঞাত হইয়া অত্র দলিলে নিজ নিজ সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিলাম । ইতি সন ১৩৮৫ সালের ২৯ শে আষাঢ়, ইংরাজী সন ১৯৭৮ সালের ১৪ ই জুলাই ।

Scanned with OKEN Scanner

" ক "তপশীল

<u>পার্টিশান কৃত সম্পত্তির বিবরণ ঃ-</u>

জেলা ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল কসবার এলাকাধিন সাবরেজিষ্ট্রী আলিপুর পরগণে কলিকাতা মৌজা কসবা গ্রামে ১৩১৬।৩ খতিয়ান ভুক্ত $\frac{১৬}{৩৬০}$ ষোলর বাঁটা তিনশত ষাট নং দাগে কলিকাতা কর্পোরেশনের ২১০ নং পিকনিক গার্ডেন রোড স্থিত কমবেশ ৴৪।।৮´ চারি কাঠা জমির দরুণ --

20000/

প্রথম দফার সম্পত্তির বিবরণ ঃ-
যাহা প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায়ের
অংশে নির্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে ।

কমবেশ ৴২।৪ দুই কাঠা চারি ছটাক চারি স্কোয়ার ফিট জমি যাহা অত্র সহ সংলগ্ন ১নং প্ল্যানে লট "এ" বলিয়া বর্ণিত ও লাল রংয়ে সীমাকৃত ও উক্ত জমি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ।

<u>উক্ত জমির চৌহদ্দি ঃ-</u>

উত্তরে ঃ- ৬´ ছয় ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।
পূর্ব্বে ঃ- ১০´ দশ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।
দক্ষিণে ঃ- প্রিয় নাথ রায়ের ট্যাঙ্ক ।

Scanned with OKEN Scanner

শ্রীপুলিন বিহারী মুখোপাধ্যায়
শ্রীসতীশ চন্দ্র মুখোপাধ্যায়



দ্বিতীয় দফার সম্পত্তির বিবরণ ঃ–
যাহা দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের অংশে
নির্দ্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে ।

কমবেশ /২।৪´ দুই কাঠা চারি ছটাক চারি স্কোয়ার ফুট জমি যাহা অত্র সহ সংলগ্ন ১নং প্লানে লট "বি" বলিয়া বর্ণিত ও গ্রীন রংয়ে সীমাকৃত ও উক্ত জমি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট সত্ত্বাদি ।

উক্ত জমির চৌহদ্দি ঃ–

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ– | ৬´ ছয় ফুট প্রশস্ত কমন প্যাসেজ । |
| পূর্ব্বে | ঃ– | প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারীর জমি । |
| দক্ষিণে | ঃ– | প্রিয়নাথ রায়ের পুস্করিণী । |
| পশ্চিমে | ঃ– | ২১০।৩ পিকনিক গার্ডেন রোড । |

"খ" তপশীল সম্পত্তির পরিচয় ঃ–

জেলা ২৪ পরগণা, থানা যাদবপুর, হাল কসবা গভর্ণমেন্ট খাল মহল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত "৫" ডিভিসন "এল" সাবডিভিসন ১১৩ নং হোল্ডিং ভুক্ত $\frac{১২৯৮}{২৮৩৩}$ নং তৌজি ভুক্ত মৌজা কসবা গ্রামে কলিকাতা কর্পোরেশনের ১২৯।১ নং সুইন হো লেনস্থিত /৪৸৶৩০´ চারি কাঠা পনের ছটাক ত্রিশ স্কোয়ার

Scanned with OKEN Scanner

স্কোয়ার ফুট জমির উপরিস্থিত দ্বিতল পাকা ইমারত ; সরবসু হক হকুক অত্র পার্টিশানকৃত সম্পত্তি হইতেছে।

প্রথম দফার সম্পত্তির বিবরণ ঃ-
যাহা প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায়ের
অংশে নির্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে।

উক্ত সম্পত্তি ও জমি ৴২৷৵০ দুই কাঠা ছয় ছটাক জমি ও উক্ত জমির উপরিস্থিত দ্বিতলে ও একতলে মোট ৪ চারি কামরা শয়ন ঘর, বারান্দা, রান্নাঘর উঠান, পায়খানা, বাথরুম ইত্যাদি যাহা অত্র পার্টিশন দলিল সংলগ্ন ২ নং প্লানে লাল রংয়ে সীমাকৃত ও লট "এ" বলিয়া চিহ্নিত হইয়াছে সায় উক্ত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি এবং অত্র অংশের চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ- ১০´ দশ ফুট প্রশস্ত কমন প্যাসেজ।

পূর্ব্বে ঃ- দ্বিতীয় পক্ষের অংশের বাটী।

দক্ষিণে ঃ- ১২৯।২ সুইন হো লেন।

পশ্চিমে ঃ- ১২৯ নং সুইন হো লেন।

দ্বিতীয় দফার সম্পত্তির বিবরণ ঃ-
যাহা দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের অংশে
নির্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে।

Scanned with OKEN Scanner

দ্বিতীয় দফার সম্পত্তির বিবরণ ঃ-
যাহা দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের অংশে
নির্দ্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে ।

উক্ত সম্পত্তির জমা ৴২।৶০ দুই কাঠা ছয় ছটাক জমি ও উক্তজমির উপরিস্থিত দ্বিতলে ও একতলে মোট ৪ কামরা শয়ন ঘর, বারান্দা, রান্না ঘর, উঠান, পায়খানা, বাথরুম ইত্যাদি যাহা অত্র পার্টিশান দলিল সংলগ্ন ২ নং প্লানে গ্রীন রংয়ে সীমাকৃত ও লট " বি " বলিয়া চিহ্নিত হইয়াছে । উক্ত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট সত্বাদি সমেত -

অত্র অংশের চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | দ্বিতীয় পক্ষের বি।১ নং প্লট । |
| পূর্ব্বে | ঃ- | দাগ নং ৪৬০ । |
| দক্ষিণে | ঃ- | ১২৯।২ সুইন হো লেন । |
| পশ্চিমে | ঃ- | প্রথম পক্ষের অংশের দ্বিতল বাটী । |

"গ" তপশীল সম্পত্তির পরিচয় ঃ-

জেলা ২৪ পরগণা, থানা যাদবপুর, হাল কসবা, গভর্ণমেন্ট খাস মহল ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত "৫" ডিভিসন "এল" সাবডিভিসন ১১৩ নং হোল্ডিং ভুক্ত

Scanned with OKEN Scanner

ভুক্ত $\frac{১২৯৮}{২৮৩৩}$ নং তৌজি ভুক্ত মৌজা কসবা গ্রামে কলিকাতা কর্পোরেশনের ১২৯।এ নং সুইন হো লেন স্থিত ১৪ চারি কাঠা জমি যাহা যাহা অত্র পার্টিশান কৃত সম্পত্তি হইতেছে।

৪০০

প্রথম দফার সম্পত্তির বিবরণ ঃ-
যাহা প্রথম পক্ষ শ্রী পুলিন বিহারী মুখোপাধ্যায়ের
অংশে নির্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে।

কমবেশ ১।১৩।৩৪ এক কাঠা তের ছটাক চৌত্রিশ স্কোয়ার ফিট জমি যাহা অত্র পার্টিশান দলিল সংলগ্ন ২নং প্ল্যানে লাল বর্ণে সীমাকৃত ও লট"এ।১" বলিয়া চিহ্নিত হইয়াছে, সায় উক্ত জমি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত।

এবং অত্র অংশের চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | দাগ নং ৪৮৭ এর জমি। |
| পূর্ব্বে | ঃ- | দাগ নং ৪৬১ এর জমি। |
| দক্ষিণে | ঃ- | দ্বিতীয় পক্ষের "বি।১" জমি। |
| পশ্চিমে | ঃ- | দাগ নং ৪৬৮ এর জমি। |

Scanned with OKEN Scanner

[illegible]

দ্বিতীয় দফার সম্পত্তির বিবরণ ঃ-

যাহা দ্বিতীয় পক্ষ শ্রী সতীশ চন্দ্র মুখোপাধ্যায়ের অংশে

নির্দ্দিষ্ট ও চিহ্নিত হইয়াছে ।

কমবেশ /.১২৩৪´ এক কাঠা বার ছটাক চৌত্রিশ স্কোয়ার ফিট জমি যাহা পার্টিশান দলিল সংলগ্ন ২ নং প্ল্যানে গ্রীন রংয়ে সীমাকৃত ও লট "বি।১" বলিয়া চিহ্নিত হইয়াছে সায় উক্ত জমি সংক্রান্ত যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত -

এবং অত্র অংশের চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | প্রথম পক্ষের "এ।১" অংশের সম্পত্তি । |
| পূর্ব্বে | ঃ- | দাগ নং ৪৬১ এর জমি । |
| দক্ষিণে | ঃ- | দ্বিতীয় পক্ষের দ্বিতল বাটী । |
| পশ্চিমে | ঃ- | পক্ষ দ্বয়ের ৬´ ছয় ফুট প্রশস্ত কমন প্যাসেজ । |

মুসাবিদাকারক ঃ-

শ্রী শিবপদ মুখার্জ্জি,
এ্যাডভোকেট,
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ৭০০০২৭।

সাক্ষী ঃ-

১। শ্রী [illegible]
২০ নং সুইনহো লেন, কসবা, কলি-৪২

২। শ্রী অমরেশ চন্দ্র চক্রবর্তী
৮৭ নং সুইনহো লেন, কসবা, কলি-৪২

টাইপকারক ঃ-
শ্রী গোবিন্দ [illegible]
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ৭০০০২৭।

Scanned with OKEN Scanner


...TITION PLAN OF PREMISES No. 129A & 129/1, SWINHOE LANE, CAL. 42
...JADAVPUR (NOW KASBA) DIST. 24 PARGANAS
...ALE 20'-0" = 1" INCH

ORIGINAL
II

N

REF:- SRI PULIN BEHARI MUKHERJEE "A"
SRI SATIS CHANDRA MUKHERJEE "B"
COMMON

TOTAL AREA PRE. 129 & 129/1 AREA
A - 4K - 3CH. 34 SFT
B - 4K - 2CH - 34 SFT.




DRAWN BY
G. K. CHOWDHURY
ARCHITECT & ENGINEER
16/5, K. N. SEN ROAD, CAL. 42

Scanned with OKEN Scanner

Re 12/1, Shibnoe Lane

Dud Compared

Corrected 28/3/85

TOLLYGUNGE TAX DEPARTMENT
The Calcutta Municipal Corporation
ZONAL OFFICE No. 4

Book No. 1
Volume no. 72
Pages 135 to 149
Being No. 3037
For the year 19 28

Registrar of Alipore at Alipore
17-11-78

Scanned with OKEN Scanner